“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

ASHUGANJ POWER STATION COMPANY LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)

ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.

# “নিলাম দরপত্র”

**“আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)-এর পুরাতন প্ল্যান্টের স্টোর বিল্ডিং এবং ওয়ার্কশপ বিল্ডিং (ড্রইং অনুযায়ী) (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করণ” ।**

সূত্র নং ঃ ২৭.২৫.১২৩৩.৩০১.৩৬.০০১.২২.৮৮৮

তারিখ ঃ ১৩/০৮/২০২২ইং

**ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট)**
**আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ**
**আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-৩৪০২, বাংলাদেশ।**

মেসার্স ----------------------------------------------------------------------------

--------------------------------------------------------------- নামে ইস্যু করা হলো।

CORPORATE OFFICE
Navana Rahim Ardent (Level-8)
185 Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka.
Phone : +880-02-9330915
Fax : +880-02-9330918
E-mail : apscl@apscl.com

ASHUGANJ POWER STATION COMPANY LTD.
Ashuganj, Brahmanbaria-3402
Phone : +880-8528 74004
Fax : +880-8528-74014, 74044
Web : www.apscl.gov.bd

# আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ

# ASHUGANJ POWER STATION COMPANY LTD.

**(An Enterprise of Bangladesh Power Development Board)**

ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.

সূত্র নং: ২৭.২৫.১২৩৩.৩০১.৩৬.০০১.২২.৮৮৮ তারিখ: ১৩/০৮/২০২২ ইং

## "নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

| | | | |
|---|---|---|---|
| ০১. | এজেন্সী/ প্রতিষ্ঠানের নাম | : | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)। |
| ০২. | কাজের নাম | : | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)-এর পুরাতন প্ল্যান্টের স্টোর বিল্ডিং এবং ওয়ার্কশপ বিল্ডিং (ড্রইং অনুযায়ী) (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করণ। |
| ০৩. | দরপত্র দলিলের মূল্য (অফেরতযোগ্য) | : | টাকা ৩,০০০.০০ (তিন হাজার) মাত্র। |
| ০৪. | ডেলিভারী গ্রহণের সময়সীমা | : | সাইট হস্তান্তরের তারিখ হতে ৯০ (নব্বই) দিন। |
| ০৫. | দরপত্র দলিল প্রাপ্তির স্থান | : | ক) বিভাগীয় কমিশনার-এর দপ্তর, চট্টগ্রাম বিভাগ, কোর্ট বিল্ডিং, চট্টগ্রাম।<br>খ) কোম্পানী সচিব-এর দপ্তর, এপিএসসিএল কর্পোরেট অফিস, নাভানা রহিম আরডেন্ট (লেভেল-৮) ১৮৫, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী (পুরাতন ৩৯, কাকরাইল বিজয়নগর), ঢাকা-১০০০।<br>গ) ব্যবস্থাপক (অর্থ), আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৬. | দরপত্র দাখিল ও খোলার স্থান | : | ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট), আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-এর কার্যালয়। |
| ০৭. | দরপত্র দলিল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | : | ০৬/০৯/২০২২ ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ০৮. | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময় | : | ০৭/০৯/২০২২ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০৯. | দরপত্র খোলার তারিখ ও সময় | : | ০৭/০৯/২০২২ ইং তারিখ দুপুর ১২:১৫ ঘটিকা। |
| ১০. | দরপত্র জামানতের পরিমাণ | : | দরপত্র জামানত হিসাবে উদ্ধৃত দরের কমপক্ষে ২৫% টাকা আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার আকারে দরপত্র দলিলের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ১১. | দরপত্র দাতার যোগ্যতা | : | যে কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান। |
| ১২. | দরপত্র আহবানকারীর কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা ও যোগাযোগের মাধ্যম | : | মোঃ রফিকুদ্দৌলা, ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট), এপিএসসিএল।<br>ই-মেইল: procurement@apscl.org.bd ফোন: ০৮৫২৮-৭৪০৩৩। |
| ১৩. | শর্তাবলীসমূহ | : | ক) দরপত্র দলিলের মূল্য আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ-এর অনুকূলে বাংলাদেশস্থ যে কোন সিডিউল্ড ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারের মাধ্যমে পরিশোধ সাপেক্ষে ক্রয় করতে হবে।<br>খ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল, সংশোধন বা এতদসংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। |

১৩/০৮/২০২২

(মোঃ রফিকুদ্দৌলা)
ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট)
এপিএসসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

CORPORATE OFFICE
Navana Rahim Ardent (Level-8)
185 Shahid Syed Nazrul Islam Sarani, Bijoy Nagar, Dhaka.
Phone : +880-02-9330915
Fax : +880-02-9330918
E-mail : apscl@apscl.com

ASHUGANJ POWER STATION COMPANY LTD.
Ashuganj, Brahmanbaria-3402
Phone : +880-8528 74004
Fax : +880-8528-74014, 74044
Web : www.apscl.gov.bd

সূত্র নং: ২৭.২৫.১২৩৩.৩০১.৩৬.০০১.২২.৮৮৮ তারিখ: ১৩/০৮/২০২২ ইং

**আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)-এর পুরাতন প্ল্যান্টের স্টোর বিল্ডিং এবং ওয়ার্কশপ বিল্ডিং (ড্রয়িং অনুযায়ী) (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করণ কাজের নির্দেশনা ও সাধারণ শর্তাবলী।**

০১) দরপত্রের মেয়াদ দরপত্র খোলার তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

০২) দরপত্র দলিলের মূল্য টাকা ৩,০০০.০০ (তিন হাজার) মাত্র আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-এর অনুকূলে বাংলাদেশস্থ যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারের মাধ্যমে (অফেরতযোগ্য) পরিশোধ সাপেক্ষে দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত স্থান সমূহের যেকোন স্থান হতে দরপত্র দলিল ক্রয় করা যাবে।

০৩) দরপত্র দলিলের শর্তাবলীসমূহ মেনে দলিলের প্রত্যেক পাতায় ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম, স্বাক্ষর, তারিখ, ঠিকানা, টেলিফোন ও সীল (প্রযোজ্য ক্ষেত্রে) থাকতে হবে।

০৪) দরপত্রে অংশগ্রহনের জন্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে অবশ্যই হালসন নাগাদ ট্রেড লাইসেন্স এবং ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের কপিসহ সিটি কর্পোরেশন / পৌরসভার মেয়র / ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিক সনদপত্রের কপি দরপত্রের সহিত অবশ্যই দাখিল করতে হবে।

০৫) খামের উপর অবশ্যই নিলামের বিষয় উল্লেখ থাকতে হবে।

০৬) কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান ইচ্ছা করলে নিজ খরচে সাইট পরিদর্শন করতে পারবেন।

০৭) দরপত্র দলিল যথাযথ পূরণ পূর্বক উদ্ধৃত দর অবশ্যই বাংলাদেশী টাকায় উল্লেখ করতে হবে।

০৮) মালামালগুলি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় গ্রহণ করতে হবে। এই ব্যাপারে কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৯) সাইট হস্তান্তরের তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে নিজ খরচে মালামালগুলি অপসারণ পূর্বক বিক্রয়াদেশ মোতাবেক সম্পন্ন করতে হবে। এপিএসসিএল হতে সাইট হস্তান্তরের নোটিশ ইস্যুর তারিখের ০৩ দিন পর হতেই সাইট হস্তান্তর হয়েছে বলে গণ্য শুরু হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল অপসারণ পূর্বক গ্রহণ না করলে ক্রমিক নং ১৪-এ উল্লেখিত হারে L/D কর্তন করা হবে। বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন করে ডেলিভারী কমিটির নিকট সাইট বুঝিয়ে দিতে হবে।

১০) প্রস্তাবিত দরের উপর আরোপিত সরকারী বিধি-বিধান অনুযায়ী প্রযোজ্য হারে ভ্যাট, আয়কর ইত্যাদি বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে অবশ্যই প্রদান করতে হবে।

১১) দরপত্র জামানত হিসাবে উদ্ধৃত দরের ২৫% টাকা আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্র দলিলের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রাপ্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। নিম্নোক্ত কারণে দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে, যদি দরপত্রদাতাঃ

ক) দরপত্র উন্মুক্তকরণের পর দরপত্র জামানতের বৈধতার মেয়াদের মধ্যে দরপত্র প্রত্যাহার করে।

খ) "লেটার অব ইনটেন্ট" মোতাবেক টাকা জমাদানে ব্যর্থ হয়।

গ) গাণিতিক ভুল সংশোধনের কারনে দরপত্র মূল্যের সংশোধন গ্রহণ করতে অস্বীকার করে। উল্লেখ্য যে, একক দর/মূল্য এবং মোট মূল্যের মধ্যে অসামঞ্জস্যতা দেখা দিলে দরপত্রদাতা কর্তৃক একক দরের ঘরে উদ্ধৃত দর অনুযায়ী মোট মূল্য নির্ধারণ করা হবে।

১২) "লেটার অব ইনটেন্ট" জারীর তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত দরের বাকী টাকা, ভ্যাট ও আয়করসহ সর্বমোট টাকা আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা প্রদান করতে হবে। জমাদানের ব্যর্থতায় জামানতের টাকা (উদ্ধৃত দরের ২৫%) বাজেয়াপ্ত করা হবে।

১৩) Performance Security বাবদ "লেটার অব ইনটেন্ট" -এ উল্লেখিত বিক্রয়াদেশ মূল্যের ১০% টাকা বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান-কে "লেটার অব ইনটেন্ট" জারীর তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-এর অনুকূলে বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা প্রদান করতে হবে। বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান-কে মালামাল ডেলিভারী কমিটির নির্দেশনা মোতাবেক ডেলিভারী নেয়ার পরপরই Performance Security ফেরত দেয়া হবে।

১৪) বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে মালামাল অপসারণ পূর্বক সাইট পরিস্কার করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য Liquidated Damages (L/D) বাবদ ০.১% হারে L/D কর্তন করা হবে এবং তা বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান-এর Performance Security হতে সমন্বয় করা হবে। সর্বোচ্চ ১০% Liquidated Damages (L/D) আরোপযোগ্য হবে। সর্বোচ্চ ১০% Liquidated Damages (L/D) আরোপের পরেও মালামাল গ্রহন না করলে ১৪ দিনের নোটিশ প্রদানপূর্বক বিক্রয়াদেশ বাতিল করা হবে এবং অবশিষ্ট মালামাল এপিএসসিএল-এর সম্পদ হিসেবে গণ্য হবে।

১৫) বিক্রয়াদেশ জারীর পর এপিএসসিএল-কর্তৃক গঠিত ডেলিভারী কমিটির সাথে যোগাযোগ পূর্বক তাদের পরামর্শ মোতাবেক কাজ আরম্ভ করতে হবে। মালামাল প্রদানের ক্ষেত্রে ডেলিভারী কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে এবং যে জায়গা থেকে মালামালগুলোর ডেলিভারী নেয়ার জন্য বলা হবে সে জায়গা থেকেই মালামালগুলোর ডেলিভারী নিতে হবে।

১৬) মালামালগুলি সরবরাহের সময় অপসারণ ও লোডিং-এর দায়িত্ব ও ব্যয় বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকেই বহন করতে হবে। উল্লেখ্য, মালামালগুলি কাঁটার প্রয়োজন হলে তাহা বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে নিজ খরচে করতে হবে।

১৭) বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে এপিএসসিএল-এর ভান্ডারের রশিদ, মালামালের প্রত্যায়ন পত্র ইত্যাদির বিধি-বিধান মানিয়া চলতে হবে।

১৮) মালামালগুলি গ্রহণকালে এপিএসসিএল-এর ছাড়পত্র, গেইট পাশ, ডেলিভারী চালান এবং অন্যান্য শর্তাবলী প্রতিপালন পূর্বক গ্রহণ করতে হবে।

১৯) বর্ণিত কাজের সময় কোন লোক দূর্ঘটনায় পতিত হলে বা মৃত্যুবরণ করলে এর জন্য সম্পূর্ণ দায়-দায়িত্ব বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকেই বহন করতে হবে এবং বাংলাদেশ সরকারের শ্রম আইন অনুযায়ী ক্ষতি পূরণ প্রদান করতে হবে। অন্যথায় বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০) কাজের সময় বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠান কর্তৃক এপিএসসিএল-এর যন্ত্রাংশের / সম্পদের কোন প্রকার ক্ষতি সাধিত হলে ক্ষতি পূরণ বাবদ সম-পরিমাণ মূল্য বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে আদায় করা হবে।

২১) দাপ্তরিক সময়ের বাহিরে কাজ করতে হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। সরকারী ছুটি / বন্ধের দিন / দাপ্তরিক সময়ের বাহিরে মালামাল গেইটের বাহিরে নেয়া যাবে না।

২২) অগ্নি নির্বাপনের জন্য প্রয়োজনীয় সংখ্যক Portable Fire Extinguisher কাজের আগেই মজুদ রাখতে হবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহার নিশ্চিত করতে হবে।

২৩) মালামাল Dismantling এর সময় প্রয়োজনীয় মোবাইল ক্রেন / ফর্কলিফট / টুলস এন্ড ট্যাকলস ইত্যাদি বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ করতে হবে।

২৪) উচু স্থান থেকে কোন মালামাল সরাসরি নিচে ফেলা / নিক্ষেপ করা যাবে না।

২৫) দরপত্রে প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ উক্ত দরপত্র বাতিল করতে পারবেন।

২৬) আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ একটি ISO সনদপ্রাপ্ত জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। কাজেই উক্ত প্রতিষ্ঠানের নিরাপত্তা ও শৃঙ্খলা বিভাগের আইন-কানুন মানিয়া চলিয়া বর্ণিত কাজটি সম্পন্ন করতে হবে।

২৭) আলোচ্য কাজে নিয়োজিত সকল শ্রমিককে প্রয়োজনীয় পরিমাণে PPE (Personal Protective Equipment) যেমনঃ হাতের গ্লোবস্, গাম বোট/ সেফটি সু, গগলস প্রভৃতি বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক অবশ্যই সরবরাহের নিশ্চয়তা প্রদান করতে হবে।

২৮) কাজ সম্পাদনের সময় আশে-পাশে অবস্থিত লোকবল অথবা পরিবেশের ক্ষতি সাধিত হয় এমন কোনো উপকরণ / দ্রব্যাদি ব্যবহার করা যাবে না।

২৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/বাতিল, সংশোধন বা এতদসংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০) উপর্যুক্ত শর্তাবলী, দরপত্র বিজ্ঞপ্তির শর্তাবলী, বিশেষ শর্তাবলী এবং পরবর্তীতে বিক্রয়াদেশের শর্তাবলীসমূহ সঠিকভাবে মানিয়া না চললে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বিক্রয়াদেশ বাতিলসহ অন্যান্য যে কোন ব্যবস্থা গ্রহণ করবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**(মোঃ রফিকুদ্দৌলা)**
ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট)
এপিএসসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

ব্যক্তি / প্রতিষ্ঠানের নাম, স্বাক্ষার, তারিখ, ঠিকানা, টেলিফোন ও সীল (প্রযোজ্য ক্ষেত্রে)।

সূত্র নং: ২৭.২৫.১২৩৩.৩০১.৩৬.০০১.২২.৮৮৮ তারিখ: ১৩/০৮/২০২২ ইং

**আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)-এর পুরাতন প্ল্যান্টের স্টোর বিল্ডিং এবং ওয়ার্কশপ বিল্ডিং (ড্রইং অনুযায়ী) (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করণ কাজের বিশেষ শর্তাবলী।**

১। গ্রাউন্ড ফ্লোর (Plinth Level) কোনভাবেই ভাঙ্গা যাবে না।

২। কলাম, ওয়াল ইত্যাদি গ্রাউন্ড ফ্লোরের উপর থেকে অর্থাৎ Plinth Level এর সমান করে ভেঙ্গে/কেটে নিতে হবে।

৩। পিছনের রোলিং সাটার (১৬.৬৭ ফুট x ২৩ ফুট)সহ আনুষাঙ্গিক মালামাল এপিএসসিএল-এর নিকট জমা প্রদান করতে হবে।

৪। ওয়ার্কশপের একটি অংশ (নকশায় চিহ্নিত) অক্ষত/কার্যকরী অবস্থায় থাকবে। অক্ষত রাখার নিমিত্তে প্রয়োজনে বীম কেটে অপসারণ করতে হবে। এই অংশ কোনভাবেই ক্ষতিগ্রস্থ করা যাবে না। এই অংশের কোন ক্ষতিসাধন হলে তা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিজ খরচে মেরামত করতে হবে।

৫। ওয়ার্কশপ অংশের (নকশায় চিহ্নিত) উত্তর দিকের (২২৫ মেঃওঃ সাইটের) ইটের দেয়াল স্টীল কলাম, স্টীল বীম, নিলামের আওতা বহির্ভূত থাকবে।

৬। ওয়ার্কশপের অবশিষ্টাংশের টিনসেডের চালা ড্রইং এ চিহ্নিত অংশ থেকে ১ ফুট ৬ ইঞ্চি দূর থেকে কেটে ব্যবহার উপযোগী করে দিতে হবে।

৭। শুধুমাত্র ড্রইং-এ চিহ্নিত ভান্ডার অংশের মধ্যে অবস্থিত ২৫/৫ টন ক্ষমতা সম্পন্ন ক্রেনের রেইল ব্যতিত সকল ক্রেন ও সংশ্লিষ্ট রেইল নিলামের আওতাবহির্ভূত থাকবে। ১ টন ক্ষমতা সম্পন্ন ২ টি ক্রেন উহার রেইল সহ অক্ষত অবস্থায় নিজ খরচে খুলে ভান্ডারে জমা প্রদান করতে হবে।

৮। **নিম্নে বর্ণিত মালামাল সমূহ নিলামের আওতাবহির্ভূত থাকবেঃ**

(ক) সকল ধরনের বৈদ্যুতিক ফ্যান, এগজস্ট ফ্যান, বৈদ্যুতিক বাতি ও ভাল্ব, সকল ধরনের এয়ারকুলার।

(খ) ভান্ডার, ওয়ার্কশপ এবং ওয়াইন্ডিংশপের বিভিন্ন ধরনের আসবাবপত্র, আলমিরা, কম্পিউটার, প্রিন্টার, স্কানার, মাল্টি প্লাগ ।

(গ) সকল ধরনের লেদ মেশিন, মিলিং মেশিন, সেপার মেশিন, বোরিং মেশিন, ড্রিল মেশিন, সারফেস গ্রাইন্ডিং মেশিন, পাওয়ার হ্যাক স মেশিন, টুল গ্রাইন্ডিং মেশিন, পাওয়ার শেয়ার মেশিন, বেন্ডিং মেশিন, শীট কাটার, ওয়ার্ক টেবিল, ডাই মেশিন, সারফেস প্লেট।

(ঘ) সকল ধরনের লেভেলিং ডিভাইস, এনভিল, টেবিল সহ ভাইস, ওভেন, প্যানেল বোর্ড, ওয়েট স্কেল ।

(ঙ) সকল প্রকার পাম্প, মটর, বিভিন্ন সাইজের কপার তার, প্যাডেস্টাল ফ্যান, ট্রান্সফরমার।

(চ) বিভিন্ন ধরনের টুলস, টুলস কেবিনেট, র‍্যাক, কপার শ্যাফট, ব্রাশ শ্যাফট, সিএস শ্যাফট, কপার সীট, টেফলন বার, নাইলন বার, বিভিন্ন সাইজের এ্যাঙ্গেল, বিভিন্ন সাইজের এমএস সীট।

(ছ) স্টোর, উইন্ডিংশপ এবং ভান্ডারের বিভিন্ন রুমে অবস্থিত সকল প্রকার সিভিল, ইলেকট্রিক্যাল, আইএন্ডসি এবং মেকানিক্যাল মালামাল/যন্ত্রাংশ।

(জ) স্টোরের ফ্লোর এরিয়ার বাহির সাইড দিয়ে স্থাপিত ফায়ার ফাইটিং পাইপ লাইন ও সংশ্লিষ্ট মালামাল।

**১০। নিম্নে বর্ণিত মালামাল সমূহ উল্লেখিত পরিমাণসহ একত্রে এপিএসসিএল কর্তৃপক্ষের পছন্দমত নিলাম গ্রহীতাকে নিজ খরচে খুলে ভান্ডারে জমা প্রদান করতে হবে এবং নির্দেশনা অনুযায়ী যথাস্থানে সংরক্ষণ করতে হবেঃ**

(ক) ১০ মিমি (মিলিমিটার) পুরত্বের ২.৫" x ২.৫" x ৬" সাইজের U (ইউ) চ্যানেল ২৮০০ ফুট ।

(খ) ১০ মিমি পুরত্বের ৮" x ৮" x ৮" সাইজের H (এইচ) বীম/কলাম ২১০ ফুট।

(গ) ১০ মিমি পুরত্বের ৫" x ৫" x ১০" সাইজের H (এইচ) বীম/কলাম ১২০ ফুট ।

(ঘ) ১০মিমি পুরত্বের ৭" x ৭" সাইজের T (টি) বার ৩৫২ ফুট ।

(ঙ) ১০ মিমি পুরত্বের ৪" x ৪" সাইজের এ্যাঙ্গেল ৪০০ ফুট ।

(চ) এ্যালুমিনিয়াম সীট ২৬০০০ বর্গফুট।

উল্লেখিত মালামাল সমূহ এপিএসসিএল এর নিকট জমা ব্যতীত উক্ত ধরণের মালামাল ডেলিভারী প্রদান করা হবে না।

১১। সকল প্রকার ইনসুলেশন/এ্যাসবেসটস পলিথিনে মুড়িয়ে রাখতে হবে এবং অতিদ্রুত অপসারণ করতে হবে।

**(মোঃ রফিকুদ্দৌলা)**
ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট)
এপিএসসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

ব্যক্তি / প্রতিষ্ঠানের নাম, স্বাক্ষার, তারিখ, ঠিকানা, টেলিফোন ও সীল (প্রযোজ্য ক্ষেত্রে)।

সূত্র নং: ২৭.২৫.১২৩৩.৩০১.৩৬.০০১.২২.৮৮৮ তারিখ: ১৩/০৮/২০২২ ইং

**আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল)-এর পুরাতন প্ল্যান্টের স্টোর বিল্ডিং এবং ওয়ার্কশপ বিল্ডিং (ড্রইং অনুযায়ী) (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করণ কাজের সিডিউল/তফসিল।**


| ক্রমিক নং | মালামালের বিবরণ ও অবস্থান | পরিমান | একক দর টাকা | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | এপিএসসিএল-এর পুরাতন প্ল্যান্টের স্টোর বিল্ডিং এবং ওয়ার্কশপ বিল্ডিং (ড্রইং অনুযায়ী) ড্রইং-এ নির্দেশিত অংশ ভেঙ্গে বিশেষ শর্তাবলীতে উল্লেখিত মালামাল রেখে বাকী মালামাল যথা: স্ট্রাকচারাল স্টীল, ওয়াল এবং রুফ শীট, MS রড, পুরাতন ইট, ফলস সিলিং, বারান্দা রেলিং, থাই পার্টিশান, দরজা, জানালা, ইলেকট্রিক্যাল ফিটিংস, ২৫/৫ টন ক্ষমতা সম্পন্ন ক্রেনের ভান্ডার অংশের ড্রইং-এ চিহ্নিত অংশের শুধুমাত্র রেইল অপসারণ করে নিয়ে যাওয়া। | থোক | | |
| | | | সর্বমোট মূল্য = | |

কথায়: ----------------------------------------------------------------------------------------------------

বি.দ্র.: ড্রয়িং সংযুক্ত।

**(মোঃ রফিকুদ্দৌলা)**
ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট)
এপিএসসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।

ব্যক্তি / প্রতিষ্ঠানের নাম, স্বাক্ষার, তারিখ, ঠিকানা, টেলিফোন ও সীল (প্রযোজ্য ক্ষেত্রে) ।




**STORE & WORKSHOP PLAN**